# আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৮৭৯

কবিতা চর্চা ও ব্যাঙ্গ-কৌতুক

পরিচ্ছেদঃ ৩৮৫- আল্লাহর বাণীঃ “কবিগণ, কেবল পথভ্রষ্টরাই তাদের অনুগামী হয়” (২৬ : ২২৪)।

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ، قَالَ: أَخْبَرَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ قَالَ: حَدَّثَنِي أَبِي، عَنْ يَزِيدَ النَّحْوِيِّ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ: (وَالشُّعَرَاءُ يَتَّبِعُهُمُ الْغَاوُونَ) إِلَى قَوْلِهِ: (وَأَنَّهُمْ يَقُولُونَ مَا لاَ يَفْعَلُونَ)، فَنَسَخَ مِنْ ذَلِكَ وَاسْتَثْنَى فَقَالَ: (إِلاَّ الَّذِينَ آمَنُوا) إِلَى قَوْلِهِ: (يَنْقَلِبُونَ).

বাংলা

৮৭৯। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। “বিভ্রান্ত লোকেরাই কবিদের অনুসরণ করে। তুমি কি দেখো না যে, তারা প্রতিটি ময়দানে উদভ্রান্ত হয়ে ঘুরে বেড়ায় এবং এমন কথা বলে যা তারা করে না” (সূরা শুআরাঃ ২২৪-২২৫)? উপরোক্ত অংশ (মহামহিম আল্লাহ) মানসূখ (রহিত) করেছেন এবং নিম্নোক্ত অংশ ব্যতিক্রম করেছেন, মহান আল্লাহ বলেনঃ “তবে তারা স্বতন্ত্র, যারা ঈমান এনেছে, সৎকাজ করেছে, আল্লাহকে পর্যাপ্ত স্মরণ করে এবং নির্যাতিত হওয়ার পর প্রতিশোধ গ্রহণ করে। নির্যাতনকারী অচিরেই জানতে পারবে তাদের গন্তব্য কিরূপ” (সূরা শুআরাঃ ২২৭)। (আবু দাউদ)

## English

In respect of "And as for the poets, is the misled who follow them. Do you not see how they ramble on in every style and that they say things which they do not do?" (26:223-225), Ibn 'Abbas said that it was abrogated and that an exception was made in His words, "except for those who believe and do right actions the kind of reversal they will receive." (26:226)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=46263

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন